# অধিভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে কারিগরি বোর্ডের জরুরি নির্দেশনা

**বাসস**

প্রকাশ: ২৯ জুলাই, ২০২৬ ১৮:৪২

ছবি : কালের কণ্ঠ

অধিভুক্ত সব ডিপ্লোমা স্তর, এইচএসসি (বিএমটি), এসএসসি (ভোকেশনাল) এবং এক বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানগুলোকে আগামী ১৪ আগস্টের মধ্যে ব্যানবেইস থেকে 'ইআইআইএন' নম্বর সংগ্রহের নির্দেশ দিয়েছে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

বুধবার (২৯ জুলাই) বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা জারি করা হয়।

সেখানে জানানো হয়, বোর্ড থেকে স্বতন্ত্র প্রতিষ্ঠানে পাঠদান অনুমোদন পাওয়ার এক মাসের মধ্যে 'বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো' (ব্যানবেইস) থেকে ইআইআইএন নম্বর সংগ্রহ করে বোর্ডকে অবহিত করার নিয়ম রয়েছে।

এতে বলা হয়, যেসব প্রতিষ্ঠান এখন পর্যন্ত ব্যানবেইস থেকে ইআইআইএন নম্বর সংগ্রহ করেনি, তাদের

প্রতিষ্ঠানপ্রধানগণকে আগামী ১৪ আগস্টের মধ্যে আবশ্যিকভাবে ইআইআইএন নম্বরের জন্য আবেদন করতে হবে।

অনলাইনে আবেদনের প্রয়োজনীয় লিংক কারিগরি শিক্ষা বোর্ড এবং ব্যানবেইসের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।